



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
কুমিল্লা।
www.dpe.comilla.gov.bd



স্মারক নং- ৩৮.০১.১৯০০.০০০.২৭.০২০.২২-

তারিখ : /০২/২০২৩ খ্রি.।

অফিস আদেশ

যেহেতু, জনাব ফারজানা আক্তার, সহকারী শিক্ষক, বর্ডারগার্ড সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ধারা মোতাবেক অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

২. যেহেতু, অভিযুক্ত লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি প্রদান ইচ্ছা পোষণ করেন; এবং

৩. যেহেতু, অভিযুক্তের লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

৪. যেহেতু, অভিযুক্তের লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক নয়।

সেহেতু, জনাব ফারজানা আক্তার, সহকারী শিক্ষক, বর্ডারগার্ড সরকারী প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লার বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানি ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) অনুযায়ী লঘুদণ্ডে বেতন বৃদ্ধি স্থগিত দণ্ড আরোপ করা হলো। উক্ত দণ্ডাদেশ আদেশ জারীর তারিখ থেকে পরবর্তী ০১(এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে। বেতন বৃদ্ধি স্থগিত কাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না এবং উক্ত ০১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধির বকেয়া তিনি ভবিষ্যতে প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আবদুল মান্নান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চ.দা.)
কুমিল্লা।
ফোন: +8802334401227
ই-মেইল: dpeocomil@gmail.com

স্মারক নং- ৩৮.০১.১৯০০.০০০.২৭.০২০.২২- ৪০৪ (৮)

তারিখ : ০২/০২/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। আদেশটি সংশ্লিষ্ট শিক্ষকের সার্ভিস বহিতে লাল কালি দ্বারা লিপিবদ্ধ করতে হবে।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৫। সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট ক্লাস্টার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৬। প্রধান শিক্ষক, বর্ডারগার্ড সপ্রাবি, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৭। জনাব ফারজানা আক্তার, সহকারী শিক্ষক, বর্ডারগার্ড সপ্রাবি, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৮। সংরক্ষণ নথি।

মোঃ আবদুল মান্নান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চ.দা.)
কুমিল্লা।